দৈনিক ইত্তেফাক

তারিখ 26 JUL 2009
পৃষ্ঠা ১০ কলাম ৪

# ৪১ শিক্ষা প্রতিষ্ঠানে পাস করেনি কেউ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

এ বছর ৪১টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন পরীক্ষার্থীও পাস করতে পারেনি। গতবারও শূন্য ভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৪১টি। এর মধ্যে ঢাকা বোর্ডে ৪টি, রাজশাহী বোর্ডে ৪টি, যশোর বোর্ডে ৩টি, বরিশাল বোর্ডে ২টি, দিনাজপুর বোর্ডে ৮টি, মাদ্রাসা বোর্ডে ১৬টি এবং কারিগরি (১৯শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ৪১টি শিক্ষা প্রতিষ্ঠানে

(২০শ পৃঃ পর)

শিক্ষাবোর্ডে ৪টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। তবে কুমিল্লা, চট্টগ্রাম এবং সিলেট বোর্ডের সব শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ পাস করেছে।

২০০৭ সালে ৬০টি, ২০০৬ সালে ৮৬টি, ২০০৫ সালে ১৩১টি, ২০০৪ সালে ২৭৮টি, ২০০৩ সালে ২৯৮টি এবং ২০০২ সালে ৫৫৩টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন পরীক্ষার্থী পাস করতে পারেনি। এবার ১৯০৮টি কেন্দ্র থেকে দেশের ৭১৫১টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা পরীক্ষায় অংশগ্রহণ করেছে। যার মধ্যে ৫০% থেকে শতভাগের নিচে পাস করেছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা ৫৪৬৩টি, ২০% থেকে ৫০%-এর নিচে পাস করেছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা ৮৩৩টি, ১০% থেকে ২০-এর নিচে পাস করেছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা ৩৯টি, ৫% থেকে ১০%-এর নিচে পাস করেছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা ১০টি এবং শূন্য থেকে ৫%-এর নিচে পাস করেছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা ১০টি।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এ প্রসঙ্গে জানান, যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি, তাদের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় খতিয়ে দেখবে। কেন পাস করেনি তা জানতে চাওয়া হবে।